

প্রশ্নকপি

তখন সাহসের সেই কালো মূর্তিটা নাকি সুর বলল মহেশশুবা আপনি নাকি ভুত মানেন না। এ অ বস্থায় বদ্ধিবান ব্যক্তি মাত্রে বলে থাকন — আগে হ্যাঁ, মানি বৈকী কস্ত মহশ মিত্তর বেয়ারা লক, হটাৎ তাঁড় কেনম কটা খেয়াল হলো, কাঁধ খামছে ধড়ে জিজ্ঞাশা কলেন — কোন ক্লশ?

ভূত খতখত খেয় জবাব দিলে সেকণ্ড ইয়ার স্যর'

অথবা, (শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

নীচের যে-কোনো পাঁচটি বানান সংশোধন করো :

নীরিহ, মুছর্ত, পরিসেবা, ফটোগ্রাফী, জিবীকা, উচ্ছাস, আকাঙ্খা, অপরিষ্কার
অকর্মণ্য, রসায়ণ, অপশারন।

PART - II

তৃতীয় পত্র — ২০১৪

পূর্ণমান—১০০

১। (ক) ঐতিহাসিক উপন্যাসের সংজ্ঞা দাও। যে-কোনো একটি ঐতিহাসিক উপন্যাস বিশ্লেষণ করো। ২+১২

অথবা, (খ) যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা কর : ৭+৭

ছোটগল্প, মনস্তাত্ত্বিক উপন্যাস, চেতনাপ্রবাহরীতির উপন্যাস, রাজনৈতিক উপন্যাস।

২। (ক) 'চন্দ্রশেখর' উপন্যাসে অতিপ্রাকৃতের প্রয়োগ, চরিত্র ও ঘটনাবলীর তাৎপর্য উদ্ঘাটনে কতটা সহায়ক হয়েছে তা আলোচনা করো। ১৪

অথবা, (খ) প্রতাপ অথবা চন্দ্রশেখর — কাকে তুমি 'চন্দ্রশেখর' উপন্যাসের নায়ক হিসাবে বেছে নেবে এবং কেন, তা যুক্তি সহকারে আলোচনা করো। ১৪

৩। (ক) "চন্দ্রশেখর প্রফুল্লচিত্তে দেখিলেন, তাঁহার গৃহসরোবরে চন্দ্রের আলোতে পদ্ম ফুটিয়াছে" — পদ্মটির পরিচয় কী? তার শোভার পরিচয় দাও। ১+৩

অথবা, (খ) "যাহাই মনে করুন, ঈশ্বর আমার বিচারকর্তা- আমি অন্য বিচার মানি না। না হয় মরিব ক্ষতি কি?" — বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বক্তা এই উক্তি করেন? কোন্ ঘটনার পরিপ্রেক্ষিতে বক্তা মৃত্যুর কথা ভেবেছেন? ১+১+২

৪। (ক) 'শ্রীকান্ত' (প্রথম পর্ব) কী ধরনের উপন্যাস? উপন্যাসটি অবলম্বনে যুক্তিসহ তোমার মতামত উপস্থাপিত করো। ১৪

অথবা, (খ) 'শ্রীকান্ত' (প্রথম পর্ব) উপন্যাস অনুসারে রাজলক্ষ্মীর চরিত্রটি বিশ্লেষণ করো। ১৪

৫।(ক) “আমার সমস্ত কথা যে আজই তোমরা বুঝিতে পারিবে, তাহা নয়;”—
বক্তা কে? কথ্যটির তাৎপর্য কী? ১+৩

অথবা, (খ) “বেহায়া, নিজে ফি-বছর ফেল হচ্ছে - ও আবার যায় পরকে
শাসন করতে”। — কে, কাকে বলেছেন? ‘পরকে’ কেন শাসন করতে চেয়েছিল
উদ্দিষ্ট ব্যক্তি? ১+১+২

৬।(ক) ‘শেষের কবিতা’ উপন্যাসের লাভণ্য চরিত্রটি বিশ্লেষণ করো। ১৫
অথবা, (খ) ‘শেষের কবিতা’ উপন্যাসটিকে কাব্যপ্রধান উপন্যাস বলা যায় কি
না বিচার করো। ১৫

৭। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) “এই মাত্র যে ব্যাঙটা টপ করে জলে লাফিয়ে পড়ল এটাও তো অনন্তকালের
মধ্যে আর কোনোদিন ঘটবে না।”— উক্তিটি কার? কার প্রতি? কীসের প্রতিক্রিয়ায়
বক্তার এই উক্তি? ১+১+৩

(খ) “বিবাহযোগ্য বয়সের সুর এখনো তোমার কথাবার্তায় লাগছে না, শেষে
সমস্তটা বাল্যবিবাহ হয়ে না দাঁড়ায়”। — কে, কাকে বলেছেন? একথা বলার কারণ
কী? ১+১+৩

(গ) “আমার অপরাধী গাড়িটাকে যদি ক্ষমা করেন তবে আপনি যেখানে অনুমতি
করেন সেইখানেই পৌঁছিয়ে দিতে পারি”। — কে, কার প্রতি এই উক্তি করেছে?
কোন প্রসঙ্গে এই উক্তি করা হয়েছে? ১+১+৩

(ঘ) “অম্নি দুই সখীতে একটা বিদ্যুচ্চকিত চোখ-ঠারাঠারি হয়ে গেল, মুখে
পড়ল একটা আড়হাসির রেখা”। — দুই সখীর নাম লেখো। তাদের হাসির কারণ
কী? ২+৩

৮।(ক) নবীন এবং প্রবীণের দ্বন্দ্ব ‘হাঁসুলীবাঁকের উপকথা’ উপন্যাসটির কেন্দ্রীয়
বিষয়। — আলোচনা করো। ১৫

অথবা, (খ) ‘হাঁসুলীবাঁকের উপকথা’ উপন্যাসে পাখি এবং কালোশশী — এই
দুটি চরিত্রের গুরুত্ব আলোচনা করো। ৭½+৭½

৯। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) “বনওয়ারীর হাতের মুঠো শিথিল হয়ে এল”। — বনওয়ারীর হাতের
মুঠোয় কী ছিল? অংশটির প্রসঙ্গ আলোচনা করো। ১+৪

(খ) “এখনও মনে লাগছে দলে মেশে নাই। তবে চারে ভিড়ছে। তা’ পরেতে টোপ
ধরলে ঘাই মারবে”। — বক্তা কে? কাকে এবং কেন বলেছে একথা? ১+১+৩

(গ) “গলায় তোরা পৈতে নে, বুঝলি?” — বক্তা কে? কার উদ্দেশে বলেছে?
অংশটির তাৎপর্য আলোচনা করো। ১+১+৩

(ঘ) “তাতৈই চিতা সাজিয়ে বনওয়ারীকে চাপিয়ে তার পায়ের পরশ নিলে
মাথায়। বললে- যাও, চলে যা সগুগে।” — কী দিয়ে সাজানো হল চিতা? কে সাজাল?
কেন সে এই উক্তি করল? ১+১+৩

চতুর্থ পত্র — ২০১৪

পূর্ণমান—১০০

১। (ক) রূপক এবং সাংকেতিক নাটকের বৈশিষ্ট্য আলোচনা করো। প্রসঙ্গত
একটি সাংকেতিক নাটকের পরিচয় দাও। ৬+৯

অথবা, (খ) যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ৭½/ + ৭½/

(অ) প্রহসন, (আ) মেলোড্রামা (ই) সামাজিক নাটক (ঈ) থার্ড থিয়েটার।

২। (ক) ‘বেঙ্গলি থিয়েটার’-এর সূত্রপাত কীভাবে হয়? বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে
এই থিয়েটারের গুরুত্ব নির্ণয় করো। ৫+১০

অথবা, (খ) যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ৭½/ + ৭½/

(অ) শ্যামবাজার থিয়েটার (আ) জোড়াসাঁকো নাট্যশালা (ই) ন্যাশনাল থিয়েটার
(প্রথম পর্ব) (ঈ) নাট্য-নিয়ন্ত্রণ বিল।

৩। (ক) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনে অভিজাত নারী চরিত্রগুলির উপস্থাপনা
সমকালীন যুগচিত্রকে প্রকাশ করতে কতদূর সক্ষম হয়েছে তা আলোচনা করো। ১০

অথবা, (খ) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনে সংলাপ প্রয়োগের সার্থকতা
বিচার করো। ১০

৪। (ক) ‘ভগ্ন শিবমন্দির’ থেকে ‘বুড়ো সালিকের ঘাড়ে রৌঁ’ — প্রহসনটির নাম
পরিবর্তন কি জরুরি ছিল বলে মনে হয়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ১০

অথবা, (খ) ‘বুড়ো সালিকের ঘাড়ে রৌঁ’ — প্রহসনটি অপ্রধান চরিত্রগুলির
জন্যই উজ্জ্বল হয়ে উঠেছে। — আলোচনা করো। ১০

৫। (ক) রবীন্দ্রনাথের ‘মুক্তধারা’ নাটকের সংলাপ আপাত কাব্যময়তার আড়ালে
কীভাবে শোষণের বিরুদ্ধে বলসে উঠেছে, তা নিজের ভাষায় আলোচনা করো। ১৫

অথবা, (খ) ‘মুক্তধারা’ নাটকের অভিজিৎ-কে রবীন্দ্রনাথ বলেছেন ‘মারনেওয়ালার
ভিতরকার পীড়িত মানুষ’। চরিত্রটি বিশ্লেষণ প্রসঙ্গে মন্তব্যটির তাৎপর্য বোঝাও। ১৫

৬। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) “বাবারে! ওটাকে অসুরের মাথার মতো দেখাচ্ছে, মাংস নেই, চোয়াল
ঝোলা।” — একথা কে, কাকে বলেছে? ‘ওটা’ কী? ‘ওটার কাজ কী? ২+২+১

(খ) “আত্মীয়রূপী পর হচ্ছে কুঁজো মানুষের কুঁজ। পিছনে লেগেই থাকে, কেটেও